



ক্ষমতায় এলে শিক্ষাখাতে সর্বোচ্চ অগ্রাধিকার দেবে বিএনপি: তারেক রহমান



সংগৃহীত ছবি

বিএনপি ক্ষমতায় গেলে শিক্ষাখাতকে জাতীয় অগ্রাধিকারের শীর্ষে রেখে সর্বোচ্চ বাজেট বরাদ্দ দেওয়া হবে বলে ঘোষণা দিয়েছেন দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, “রাষ্ট্রের নিরাপত্তা, উন্নয়ন ও ভবিষ্যৎ প্রজন্মের গঠনে সবচেয়ে বড় ভূমিকা রাখবে শক্তিশালী ও আধুনিক শিক্ষা ব্যবস্থা। প্রতিটি মানুষের ভেতরে থাকা প্রতিভা ও সৃজনশীলতাকে বিকশিত করার দায়িত্ব রাষ্ট্রের।”

শনিবার (২৫ অক্টোবর) বিকেলে কিশোরগঞ্জের পাকুন্দিয়ায় খন্দকার শামসুল আলম ফাউন্ডেশনের আয়োজনে স্কুল ও মাদরাসার শিক্ষার্থীদের মধ্যে অনুষ্ঠিত মেধাবৃত্তি প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন।

শিক্ষার্থীদের উদ্দেশে তারেক রহমান বলেন, “বিএনপির লক্ষ্য হলো প্রতিটি শিক্ষার্থীকে তার মেধা ও যোগ্যতা অনুযায়ী গড়ে তোলা। কেউ যদি কেরাতে, হাদিসে, খেলাধুলায় কিংবা গণিতে পারদর্শী হয়—তাকে সে দিক থেকে উন্নত হতে সুযোগ করে দিতে হবে। শিক্ষা হবে প্রতিভা বিকাশের প্ল্যাটফর্ম, চাপিয়ে দেওয়া নিয়ম নয়।”

তিনি আরও বলেন, রাষ্ট্রের উন্নয়ন ও নিরাপত্তা নিশ্চিত করতে সময়োপযোগী শিক্ষা কাঠামো অপরিহার্য। তাই বিএনপি জনগণের সামনে যে ৩১ দফা রাষ্ট্র মেরামতের রূপরেখা দিয়েছে, তার অন্যতম মূল বিষয় হলো শিক্ষা সংস্কার। এ লক্ষ্যে শিক্ষাবিদ ও বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে, যারা দেশের শিক্ষা কারিকুলামকে আধুনিক ও আন্তর্জাতিক মানের রূপ দিতে কাজ করছে।

তারেক রহমান বিশ্বাস প্রকাশ করেন, “শিক্ষাই হবে ভবিষ্যৎ রাষ্ট্র নির্মাণের ভিত্তি, আর জ্ঞানই হবে উন্নয়নের সবচেয়ে শক্তিশালী হাতিয়ার।”